

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৮/০৯/২০২২ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি


জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন করতে আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। আবেদনকারীর করণীয়:

- * আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Degree Pass Tab এ গিয়ে Apply Now (Degree Pass) অপশন ক্লিক করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড, পাশের সন, নির্বন্ধিত মোবাইল নম্বরসহ চাহিদ তথ্য সঠিকভাবে এন্ট্রি দিবে এবং ডাউনলোড করে A-4 সাইজের অফসেট কাগজে প্রিন্টকপি সংগ্রহ করতে হবে।
- * আবেদনকারীকে <https://sbl.com.bd:7070>-এ গিয়ে National University Fees মেন্যু থেকে Fee Payment সিলেক্ট করে Application Fee ক্লিক করে আবেদন ফি ২৫০/- (দুই-শত পঞ্চাশ) টাকা আগামী ১২/১০/২০২২ তারিখের মধ্যে জমা দিতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চায়ন করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে।
- * আবেদনকারীর রঙিন ছবি (120×150 pixels. image type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।

২। আবেদনের যোগ্যতা:

- * বাংলাদেশের স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৭/২০১৮/২০১৯ সালের এসএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০ এবং ২০১৯/২০২০/২০২১ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০ প্রাপ্ত হতে হবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- * ২০১৭/২০১৮/২০১৯ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০/২০২১ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে এ সকল প্রার্থীরা ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, কোর্সের নাম, মোবাইল নম্বর উল্লেখসহ ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/হিমেই এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে।
- * বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি/এইচএসসি পর্যায়ে নম্বরপত্র সমতা নিরূপণ করা করা হলে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে এ সকল প্রার্থীরা ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, কোর্সের নাম, মোবাইল নম্বর উল্লেখসহ ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/হিমেই এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে।
- * স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) পর্যায়ে রেজিস্ট্রেশনকৃত কোন প্রার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী ভর্তি বাতিল সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করা যাবে। দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আহ্বায়ক, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৬। সংরক্ষণ নথি।